দৈনিক সংবাদ

তারিখ 14 DEC 1987
পৃষ্ঠা 1 কলাম 3

60

রাজশাহী বিশ্ববিদ্যালয়

# বিএ, বিএসসি ও বি,কম (পাস) পরীক্ষার ফল প্রকাশিত

রাজশাহী, ১৩ই ডিসেম্বর (নিজস্ব সংবাদদাতা)।-রাজশাহী বিশ্ববিদ্যালয়ের অধীনে গৃহীত ১৯৮৬ সালের বিএ, বিএসসি ও বি,কম (পাস) পরীক্ষার ফলাফল আজ সন্ধ্যায় প্রকাশিত হয়েছে।

(৭-এর পাতায় দেখুন)

## রাজশাহী বিশ্ববিদ্যালয়

(১ম পাতার পর)

পরীক্ষা নিয়ন্ত্রকের এক বিজ্ঞপ্তিতে এখবর জানানো হয়।

বি,এ (পাস) পরীক্ষায় উপস্থিত ১৭,৫৩৫ জন পরীক্ষার্থীর মধ্যে ৯,৮৫৯ জন উত্তীর্ণ হয়েছেন। পাসের হার শতকরা ৫৬ দশমিক ২২ ভাগ। এরমধ্যে প্রথম বিভাগে ২ জন, দ্বিতীয় বিভাগে ৯১২ জন, তৃতীয় বিভাগে ৮,৯৪৫ জন উত্তীর্ণ হয়েছেন।

বিএসসি (পাস) পরীক্ষায় উপস্থিত ৭,৬৭০ জন পরীক্ষার্থীর মধ্যে ২,৫৮১ জন উত্তীর্ণ হন। এর মধ্যে প্রথম বিভাগে ২ জন, দ্বিতীয় বিভাগে ৯৩১ জন, তৃতীয় বিভাগে ১,৬৪৮ জন উত্তীর্ণ হয়েছেন। পাশের হার ৩৩ দশমিক ৬৫ভাগ।

বি,কম পরীক্ষায় উপস্থিত ছিলেন মোট ৮,৭৬৫ জন। উত্তীর্ণ হয়েছেন ৪,২১৬ জন। পাসের হার শতকরা ৪৮ দশমিক ১ ভাগ। এ পরীক্ষায় কেউই প্রথম বিভাগে উত্তীর্ণ হননি। দ্বিতীয় বিভাগে ৪৪৩ জন ও তৃতীয় বিভাগে ৩,৭৭৩ জন উত্তীর্ণ হয়েছেন।

বি এ পাস পরীক্ষায় বগুড়ার সরকারী আজিজুল হক কলেজের মোহাম্মদ আবদুর রউফ ও দৌলতপুরের সরকারী বি, এল, কলেজের সাদ সোবহানী যথাক্রমে ১ম ও ২য় স্থান অধিকার করেন। এ পরীক্ষায় মাত্র এ দু'জনই প্রথম বিভাগে উত্তীর্ণ হন।

বিএসসি (পাস) পরীক্ষায় নাটোরের সরকারী এনএস কলেজ থেকে জনেন্দ্রনাথ সরকার ও যশোর সিটি কলেজ থেকে মোসাম্মৎ হুসনেয়ারা খাতুন যথাক্রমে ১ম ও ২য় স্থান লাভ করেন। এ পরীক্ষায়ও মাত্র দু'জনই প্রথম বিভাগ পান।

এবারের পরীক্ষার ফলাফল পর্যালোচনায় দেখা যাচ্ছে, সরকারী কলেজগুলোর তুলনায় বেসরকারী কলেজের ছাত্রছাত্রীরাই ভাল ফল করেছেন।

উল্লেখ্য গণটোকাটুকির অভিযোগে এবারের পরীক্ষায় রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ৫টি কেন্দ্রের ডিগ্রী পরীক্ষা বাতিল করা হয়। এই কেন্দ্রগুলো হচ্ছে নওগাঁ সরকারী ডিগ্রী কলেজ, আবদুলপুর সরকারী ডিগ্রী কলেজ, ডোমার কলেজ, মেহেরপুর সরকারী কলেজ ও আদিনা ফজলুল হক কলেজ।